নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২৪-৪৫১

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩১
২৭ জুন ২০২৪

**বিষয়: আগামী ২৭ জুলাই ২০২৪ তারিখে ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠান সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ২০ এবং স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য পদে উপনির্বাচন **(সংলগ্নী-১)** অনুষ্ঠানের লক্ষ্যে **২৭ জুলাই ২০২৪ তারিখে ইভিএম এর মাধ্যমে** ভোটগ্রহণের জন্য নির্ধারণকরত নির্বাচন সম্পন্ন করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

২। **প্রার্থিতা বিষয়ক অন্যান্য কার্যক্রম :** উল্লিখিত সময়সূচি অনুযায়ী বিধি ১১-১৯ অনুসারে মনোনয়নপত্র গ্রহণ, বাছাই, বাছাইয়ে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়ের ও নিষ্পত্তি, প্রার্থিতা প্রত্যাহার ও প্রতীক বরাদ্দ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাছাইয়ে মনোনয়নপত্র গ্রহণ বা বাতিল আদেশের বিরুদ্ধে আপিল দায়েরের জন্য বাছাইয়ের জন্য নির্ধারিত তারিখের পরবর্তী ০৩(তিন) দিন সময় প্রদান করতে হবে। উল্লিখিত তারিখ অনুযায়ী বিজ্ঞপ্তি জারি এবং তারিখসমূহ স্থানীয় পর্যায়ে প্রচারের ব্যবস্থা করতে হবে।

৩। **রিটার্নিং অফিসার নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৫ বিধি অনুসারে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা বা জেলা নির্বাচন কর্মকর্তা নির্বাচন পরিচালনার উদ্দেশ্যে প্রতিটি ইউনিয়ন পরিষদের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাচন কর্মকর্তাকে বা, ক্ষেত্রমত, প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত কর্মকর্তাগণের মধ্য হতে একজন করে কর্মকর্তাকে রিটার্নিং অফিসার নিয়োগ করার বিধান রয়েছে। সংশ্লিষ্ট উপজেলায় পৌরসভা বা অন্য কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সাধারণ নির্বাচন বা শূন্য পদে উপনির্বাচন থাকলে অন্য বিভাগের উপযুক্ত প্রজাতন্ত্রের কর্মকর্তার মধ্য হতে অথবা পার্শ্ববর্তী উপজেলা হতে উপজেলা নির্বাচন কর্মকর্তা অথবা নিকটস্থ মেট্রোপলিটন এলাকার থানা নির্বাচন অফিসারের মধ্যে হতে রিটার্নিং অফিসার নিয়োগ করিবেন।

৪। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ** : স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ী আপিল কর্তৃপক্ষ হিসেবে সিনিয়র জেলা নির্বাচন কর্মকর্তা/জেলা নির্বাচন কর্মকর্তা নিয়োজিত থাকবেন।

৫। **ভোটগ্রহণের সময়সীমা** : উল্লিখিত শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে **সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত ইভিএম এর মাধ্যমে** বিরতিহীনভাবে ভোটগ্রহণ করা হবে এবং তা বিজ্ঞপ্তিতে উল্লেখপূর্বক স্থানীয়ভাবে প্রচারের ব্যবস্থা করতে হবে।

৬। **সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে অফিস খোলা রাখা :** উল্লিখিত সময়সূচি অনুসারে কার্যক্রম গ্রহণের লক্ষ্যে বিশেষ করে মনোনয়নপত্র বাছাইয়ের বিরুদ্ধে আপিল গ্রহণের দিনসমূহ ও প্রতীক বরাদ্দসহ গুরুত্বপূর্ণ দিনে রিটার্নিং অফিসারের অফিস, জেলা কর্মকর্তার অফিস ও উপজেলা নির্বাচন কর্মকর্তার অফিস সাপ্তাহিক ও সরকারি ছুটির দিনে **সকাল ৯.০০ মি. হতে বিকাল ৫.০০ মি.** পর্যন্ত খোলা রেখে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। তাছাড়া প্রয়োজনে অফিস সময়ের পরেও অফিস খোলা রাখার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। **রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দকরণঃ** বিধি ১৯ অনুসারে রিটার্নিং অফিসার সময়সূচি মোতাবেক প্রতীক বরাদ্দ করিবেন। বিধিমালার ১৯ বিধির (২) উপ-বিধি অনুসারে চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থী, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে যদি একই প্রতীকের জন্য একাধিক দাবীদার থাকে, তাহলে যতদূর সম্ভব, প্রার্থীদের ইচ্ছা বিবেচনায় রেখে রিটার্নিং অফিসার প্রতীক বরাদ্দ করবেন এবং প্রয়োজনবোধে তিনি এই কাজের জন্য লটারীর আশ্রয় গ্রহণ করতে পারবেন। এখানে উল্লেখ্য, প্রতীক বরাদ্দের ক্ষেত্রে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। রিটার্নিং অফিসার প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত শেষ তারিখ অতিবাহিত হবার অব্যবহিত পরবর্তী দিবসে প্রকৃত প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করবেন। কোন অবস্থাতেই প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত শেষ তারিখের পূর্বে কোন প্রার্থীকে প্রতীক বরাদ্দ করা যাবে না। সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য পদে প্রতীকসমূহের তালিকা এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

- বরাদ্দকৃত প্রতীকের নমুনা পোষ্টার ক্রয় ও মুদ্রণ শাখা হতে সংগ্রহ করিবে এবং প্রতীকের নমুনা সরবরাহকৃত পোষ্টার হতে প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে দিতে হবে। ইন্টারনেট থেকে নামানো কোনো নমুনা প্রতীক প্রার্থীর অনুকূলে বরাদ্দ করা যাবে না।

G:\Zilla & Union Parishad Election 27 July 2024\Zila Parishad & Union Parishad Election 27 July 2024\Union Parishad_ 27 July 2024\UP By Election\Union By Election Letter.doc

৮। **প্রতীক বরাদ্দের প্রত্যয়ন :** প্রতীক বরাদ্দের পর সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার, উপজেলা নির্বাচন অফিসার এবং জেলা নির্বাচন অফিসারকে (ফরম-চ) যাচাই করে প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা এ বিষয়ক কার্যক্রম গুরুত্বের সাথে তত্ত্বাবধান করবেন। তাছাড়া নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন সহায়তা-১ হতে সর্বশেষ প্রতীক সম্বলিত তফসিল অনুযায়ী প্রতীক বরাদ্দ নিশ্চিত করবেন।

- তাছাড়া নির্বাচন কমিশন সচিবালয় হতে সরবরাহকৃত পোস্টার অনুযায়ী ইভিএম এর ব্যালট ইউনিটে পোস্টারের নমুনা অনুযায়ী ব্যালট ইউনিটের প্রতীক মিল আছে কি না তা নিশ্চিত করবেন।

৯। **অন্যান্য নির্দেশনা** :

(ক) সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনের নির্দেশনা অনুসারে যাবতীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;

(খ) আইন, বিধি অনুসারে ইউনিয়ন পরিষদের ইতঃপূর্বে জারিকৃত পরিপত্র ও অন্যান্য নির্দেশনা অনুসরণপূর্বক প্রাসঙ্গিক কার্যক্রম গ্রহণ করতে হবে।

১০। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্দেশনা অনুসারে সংলগ্নী-১ এ উল্লিখিত ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্য পদে উপনির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

২৭/৬/2024

**(মোঃ আতিয়ার রহমান)**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail:ecsemc2@gmail.com

সংলগ্নী: উপরে বর্ণিত

১। সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, .................... (সংশ্লিষ্ট)
২। উপজেলা/থানা নির্বাচন অফিসার, .................. (সংশ্লিষ্ট)

নং-১৭.০০.০০০০.০৭৯.৪১.০০১.২৪-৪৫১

তারিখ: ১৩ আষাঢ় ১৪৩১ / ২৭ জুন ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/সচিব,......................................... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)/কোস্টগার্ড, ঢাকা
৭. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সকল)
৯. প্রকল্প পরিচালক (আইডিইএ প্রকল্প, ২য় পর্যায়), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, .......................... (সংশ্লিষ্ট) বিভাগ
১১. পুলিশ কমিশনার, ...........................(সংশ্লিষ্ট)
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. প্রকল্প পরিচালক (ইভিএম প্রকল্প), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ইভিএম কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, .......................... (সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .......................... (সংশ্লিষ্ট)
১৮. পুলিশ সুপার, ............................(সংশ্লিষ্ট)
১৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও আনুষাঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
২০. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২১. জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি, ...................... (সংশ্লিষ্ট)

২২. উপজেলা নির্বাহী অফিসার,.............................. (সংশ্লিষ্ট)

২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)

২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)

২৬. অফিসার-ইন-চার্জ, .....................................................(সংশ্লিষ্ট) থানা।

29.5.2024


**( মোহাম্মদ শাহজালাল )**

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা

ফোন: ০২-৫৫০০৭৫৫৯

Email: ecsemc2@gmail.com

# ২৭ জুলাই ২০২৪ তারিখে ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্ধারিত ইউনিয়ন পরিষদের শূন্য পদের উপনির্বাচনের তালিকা

| জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|
| ১.দিনাজপুর | ১.দিনাজপুর সদর | ১.উথরাইল | ১.২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ২.বীরগঞ্জ | ২.মোহাম্মদপুর | ২.৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৩.ঘোড়াঘাট | ৩.বুলাকীপুর | ৩.১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২.ঠাকুরগাঁও | ৪.রাণীশংকৈল | ৪.নন্দুয়ার | ৪.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩.পঞ্চগড় | ৫.বোদা | ৫.বড়শশী | ৫.৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ৬.বোদা | ৬.৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৬.দেবীগঞ্জ | ৭.পামুলী | ৭.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ৮.টেপ্রীগঞ্জ | ৮.৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ৯.চেংঠী হাজরাডাঙ্গা | ৯.১ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪.লালমনিরহাট | ৭.হাতীবান্ধা | ১০.গড্ডিমারী | ১০.চেয়ারম্যান |
| ৫.কুড়িগ্রাম | ৮.নাগেশ্বরী | ১১.সন্তোষপুর | ১১.চেয়ারম্যান |
| ৬.রংপুর | ৯.গংগাচড়া | ১২.আলমবিদিতর | ১২.চেয়ারম্যান |
| | ১০.রংপুর সদর | ১৩.হরিদেবপুর | ১৩.চেয়ারম্যান |
| | | | ১৪.১ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১৪.চন্দনপাট | ১৫.চেয়ারম্যান |
| | | | ১৬.৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৭.গাইবান্ধা | ১১.সাদুল্লাপুর | ১৫.খোর্দ্দকোমরপুর | ১৭.চেয়ারম্যান |
| | ১২.গাইবান্ধা সদর | ১৬.ঘাগোয়া | ১৮.চেয়ারম্যান |
| | ১৩.সাঘাটা | ১৭.সাঘাটা | ১৯.০৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৪.পলাশবাড়ী | ১৮.মহদীপুর | ২০.চেয়ারম্যান |
| | ১৫.ফুলছড়ি | ১৯.উদাখালী | ২১.০৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৬.গোবিন্দগঞ্জ | ২০.সাপমারা | ২২.চেয়ারম্যান |
| ৮.জয়পুরহাট | ১৭.জয়পুরহাট সদর | ২১.জামালপুর | ২৩.চেয়ারম্যান |
| ৯.বগুড়া | ১৮.শিবগঞ্জ | ২২.কিচক | ২৪.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ২৩.আটমুল | ২৫.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৯.আদমদীঘী | ২৪.কুন্দগ্রাম | ২৬.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ২০.শেরপুর | ২৫.সীমাবাড়ী | ২৭.২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ২১.গাবতলী | ২৬.মহিষাবান | ২৮.২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | | ২৭.গাবতলী সদর | ২৯.২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | | ২৮.দুর্গাহাটা | ৩০.৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ২২.শাজাহানপুর | ২৯.খরনা | ৩১.চেয়ারম্যান |
| | | ৩০.মাদলা | ৩২.২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ২৩.সোনাতলা | ৩১.বালুয়া | ৩৩.৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১০.নওগাঁ | ২৪.মান্দা | ৩২.গনেশপুর | ৩৪.৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ২৫.রাণীনগর | ৩৩.কাশিমপুর | ৩৫.২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ২৬.মহাদেবপুর | ৩৪.এনায়েতপুর | ৩৬.২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ২৭.নিয়ামতপুর | ৩৫.ভাবিচা | ৩৭.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১১.রাজশাহী | ২৮.গোদাগাড়ী | ৩৬.দেওপাড়া | ৩৮.চেয়ারম্যান |
| | ২৯.তানোর | ৩৭.কামারগাঁও | ৩৯.চেয়ারম্যান |
| | ৩০.বাঘা | ৩৮.আড়ানী | ৪০.৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |

| জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|
| ১২.নাটোর | ৩১.সিংড়া | ৩৯.শেরকোল | ৪১.চেয়ারম্যান |
| ১৩.পাবনা | ৩২.বেড়া | ৪০.পুরানভারেঙ্গা | ৪২.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৩৩.আটঘরিয়া | ৪১.চাঁদভা | ৪৩.চেয়ারম্যান |
| | ৩৪. ঈশ্বরদী | ৪২.সাঁড়া | ৪৪.চেয়ারম্যান |
| ১৪.মেহেরপুর | ৩৫. মেহেরপুর সদর | ৪৩.আমঝুপি | ৪৫.চেয়ারম্যান |
| | | ৪৪.শ্যামপুর | ৪৬.২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ৩৬.মুজিবনগর | ৪৫.মহাজনপুর | ৪৭.চেয়ারম্যান |
| | | ৪৬.মোনাখালী | ৪৮.২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ৩৭.গাংনী | ৪৭.কাথুলী | ৪৯.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৫.কুষ্টিয়া | ৩৮.খোকসা | ৪৮.গোপগ্রাম | ৫০.২নং সংরক্ষিত ওয়ার্ডের সদস্য |
| | ৩৯.দৌলতপুর | ৪৯.দৌলতপুর | ৫১.৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ৫০.প্রাগপুর | ৫২.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৬.ঝিনাইদহ | ৪০.মহেশপুর | ৫১.এসবিকে | ৫৩.২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৪১.ঝিনাইদহ সদর | ৫২. কুমড়াবাড়ীয়া | ৫৪.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৭.যশোর | ৪২.শার্শা | ৫৩.গোগা | ৫৫.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৪৩.মনিরামপুর | ৫৪.চালুয়াহাটি | ৫৬.১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৪৪.যশোর সদর | ৫৫.আরবপুর | ৫৭.২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ১৮.মাগুরা | ৪৫.শ্রীপুর | ৫৬.আমলসার | ৫৮.০৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ১৯.নড়াইল | ৪৬.নড়াইল সদর | ৫৭.মুলিয়া | ৫৯.০৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | | ৫৮.চন্ডিবরপুর | ৬০.চেয়ারম্যান |
| | | ৫৯.তুলারামপুর | ৬১.০১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৪৭.কালিয়া | ৬০.কলাবাড়িয়া | ৬২.চেয়ারম্যান |
| | ৪৮.লোহাগড়া | ৬১.কোটাকোল | ৬৩.১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২০.বাগেরহাট | ৪৯.কচুয়া | ৬২.গোপালপুর | ৬৪.৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২১. খুলনা | ৫০.বটিয়াঘাটা | ৬৩.আমিরপুর | ৬৫.চেয়ারম্যান |
| | ৫১.দাকোপ | ৬৪.লাউডোব | ৬৬.চেয়ারম্যান |
| | ৫২.দিঘলিয়া | ৬৫.গাজীরহাট | ৬৭.২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৫৩. তেরখাদা | ৬৬.বারাসাত | ৬৮.০১ সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ৫৪.ডুমুরিয়া | ৬৭. ধামালিয়া | ৬৯.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২২.সাতক্ষীরা | ৫৫.আশাশুনি | ৬৮.আশাশুনি সদর | ৭০.০১ সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | | ৬৯.খাজরা | ৭১.চেয়ারম্যান |
| | ৫৬.কালীগঞ্জ | ৭০.বিষ্ণুপুর | ৭২.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৫৭.দেবহাটা | ৭১.নওয়াপাড়া | ৭৩.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৩. বরগুনা | ৫৮.বরগুনা সদর | ৭২.নলটোনা | ৭৪.৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৫৯.বেতাগী | ৭৩.হোসনাবাদ | ৭৫.চেয়ারম্যান |
| | | ৭৪.কাজিরাবাদ | ৭৬.০১ সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ৬০. বামনা | ৭৫.ডৌয়াতলী | ৭৭.চেয়ারম্যান |
| | ৬১.তালতলী | ৭৬.পঁচাকোড়ালিয়া | ৭৮.৪ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৪. পটুয়াখালী | ৬২.পটুয়াখালী সদর | ৭৭.ইটবাড়িয়া | ৭৯.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৬৩.রাঙ্গাবালী | ৭৮.ছোটবাইশদিয়া | ৮০.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ৭৯.রাঙ্গাবালী | ৮১.চেয়ারম্যান |
| | ৬৪.কলাপাড়া | ৮০.ধুলাসার | ৮২.১নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ২৫. ভোলা | ৬৫.তজুমদ্দিন | ৮১. চাঁদপুর | ৮৩.০৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৬৬. লালমোহন | ৮২.কালমা | ৮৪.চেয়ারম্যান |
| | ৬৭.মনপুরা | ৮৩.হাজির হাট | ৮৫.০৩ সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ২৬. বরিশাল | ৬৮.বরিশাল সদর | ৮৪.চরকাউয়া | ৮৬.চেয়ারম্যান |

| জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|
| | ৬৯.বাকেরগঞ্জ | ৮৫.চরাদি | ৮৭.চেয়ারম্যান |
| | ৭০.বাবুগঞ্জ | ৮৬.চাঁদপাশা | ৮৮.০২ সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ২৭. ঝালকাঠি | ৭১.নলছিটি | ৮৭.দপদপিয়া | ৮৯.০১ সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ৭২.ঝালকাঠি সদর | ৮৮.শেখেরহাট | ৯০.চেয়ারম্যান |
| | ৭৩.রাজাপুর | ৮৯.বড়ইয়া | ৯১.০৩ সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ২৮. টাংগাইল | ৭৪.গোপালপুর | ৯০.আলমনগর | ৯২.চেয়ারম্যান |
| | ৭৫.মধুপুর | ৯১.শোলাকুড়ী | ৯৩.চেয়ারম্যান |
| | ৭৬.দেলদুয়ার | ৯২.দেলদুয়ার | ৯৪.০৩ সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | | ৯৩.পাথরাইল | ৯৫.৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ২৯. জামালপুর | ৭৭.জামালপুর সদর | ৯৪.ইটাইল | ৯৬.চেয়ারম্যান |
| | ৭৮.বকশীগঞ্জ | ৯৫.নিলক্ষিয়া | ৯৭.চেয়ারম্যান |
| ৩০.ময়মনসিংহ | ৭৯.গফরগাঁও | ৯৬.লংগাইর | ৯৮.১নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৩১.নেত্রকোনা | ৮০.বারহাট্টা | ৯৭.বারহাট্টা | ৯৯.চেয়ারম্যান |
| | ৮১.মোহনগঞ্জ | ৯৮.সমাজ সহিলদেও | ১০০.চেয়ারম্যান |
| | ৮২.নেত্রকোনা সদর | ৯৯.মেদনী | ১০১.৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩২.কিশোরগঞ্জ | ৮৩.বাজিতপুর | ১০০.মাইজচর | ১০২.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৮৪. কিশোরগঞ্জ সদর | ১০১.বৌলাই | ১০৩.চেয়ারম্যান |
| | ৮৫.পাকুন্দিয়া | ১০২.পাটুয়াভাঙ্গা | ১০৪. চেয়ারম্যান |
| | ৮৬.নিকলী | ১০৩.ছাতিরচর | ১০৫.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | | ১০৬.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৩. মানিকগঞ্জ | ৮৭.দৌলতপুর | ১০৪.চকমিরপুর | ১০৭. চেয়ারম্যান |
| | ৮৮. | ১০৫.বায়রা | ১০৮.০১ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৮৯.ঘিওর | ১০৬.ঘিওর | ১০৯.০৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১০৭.নালী | ১১০.০৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৯০.সাটুরিয়া | ১০৮.ধানকোড়া | ১১১.০২ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১০৯.বালিয়াটি | ১১২.০২ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৩৪. মুন্সীগঞ্জ | ৯১.টংগীবাড়ী | ১১০.দিঘীরপাড় | ১১৩.চেয়ারম্যান |
| | ৯২.শ্রীনগর | ১১১.ভাগ্যকুল | ১১৪.০৭ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১১২.পাটাভোগ | ১১৫.০৮ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৯৩.লৌহজং | ১১৩.কলমা | ১১৬.০৩ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৫.শরীয়তপুর | ৯৪.নড়িয়া | ১১৪.মোক্তারেরচর | ১১৭.০৭ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৬. ঢাকা | ৯৫.ধামরাই | ১১৫.সানোড়া | ১১৮.চেয়ারম্যান |
| | ৯৬.নবাবগঞ্জ | ১১৬.বাহ্রা | ১১৯.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৭.নরসিংদী | ৯৭.বেলাব | ১১৭.চরউজিলাব | ১২০.০২ সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ৯৮.নরসিদী সদর | ১১৮.আমদিয়া | ১২১.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ৯৯.রায়পুরা | ১১৯.পাড়াতলী | ১২২.চেয়ারম্যান |
| ৩৮. গাজীপুর | ১০০.গাজীপুর সদর | ১২০.পিরুজালী | ১২৩.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১২১.ভাওয়ালগড় | ১২৪.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৩৯. নারায়ণগঞ্জ | ১০১.বন্দর | ১২২.মুছাপুর | ১২৫.চেয়ারম্যান |
| ৪০.রাজবাড়ী | ১০২.কালুখালী | ১২৩.বোয়ালিয়া | ১২৬.৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ১০৩.পাংশা | ১২৪. মাছপাড়া | ১২৭.চেয়ারম্যান |
| ৪১. ফরিদপুর | ১০৪.বোয়ালমালী | ১২৫.শেখর | ১২৮.২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | | ১২৯.২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ১০৫.সালথা | ১২৬.আটঘর | ১৩০.০৫ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১০৬.আলফাডাঙ্গা | ১২৭.পাঁচুড়িয়া | ১৩১.চেয়ারম্যান |
| ৪২. গোপালগঞ্জ | ১০৭.মুকসুদপুর | ১২৮.খান্দারপাড়া | ১৩২.০৩ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |

| জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|
| | ১০৮.গোপালগঞ্জ সদর | ১২৯.উলপুর | ১৩৩.০১ নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৪৩. মাদারীপুর | ১০৯.শিবচর | ১৩০.মাদবরেরচর | ১৩৪.০৫ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৪. সুনামগঞ্জ | ১১০.শান্তিগঞ্জ | ১৩১.পূর্ববীরগাঁও | ১৩৫.৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১১১.ধর্মপাশা | ১৩২.সুখাইড় রাজাপুর | ১৩৬.চেয়ারম্যান |
| | ১১২.বিশ্বম্ভরপুর | ১৩৩.বাদাঘাট (দ:) | ১৩৭.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১১৩.জগন্নাথপুর | ১৩৪.সৈয়দপুর হাড়পাড়া | ১৩৮.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১৩৫.পাটলী | ১৩৯.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | | ১৪০.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১৩৬.পাইলগাও | ১৪১.৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | | ১৪২.৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৫. সিলেট | ১১৪.ওসমানীনগর | ১৩৭.তাজপুর | ১৪৩.৬নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১১৫.ফেঞ্চুগঞ্জ | ১৩৮.ঘিলাছড়া | ১৪৪.০২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | | ১৩৯.উত্তর কুশিয়ারা | ১৪৫.৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১১৬.গোলাপগঞ্জ | ১৪০. ভাদেশ্বর | ১৪৬.০২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | | ১৪১.লক্ষীপাশা | ১৪৭.০৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ১১৭.বালাগঞ্জ | ১৪২.বোয়ালজুড় | ১৪৮.চেয়ারম্যান |
| ৪৬.হবিগঞ্জ | ১১৮.আজমিরীগঞ্জ | ১৪৩.জলসুখা | ১৪৯.৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১১৯.নবীগঞ্জ | ১৪৪.দেবপাড়া | ১৫০.৮নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১৪৫.গজনাইপুর | ১৫১.চেয়ারম্যান |
| | | ১৪৬.কালিয়াভাঙ্গা | ১৫২.৯নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১২০.মাধবপুর | ১৪৭.আদাঐর | ১৫৩.৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৭.মৌলভীবাজার | ১২১.বড়লেখা | ১৪৮.দক্ষিণভাগ | ১৫৪.চেয়ারম্যান |
| | ১২২.রাজনগর | ১৪৯.রাজনগর | ১৫৫.২নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১২৩.মৌলভীবাজার সদর | ১৫০.মোস্তফাপুর | ১৫৬.চেয়ারম্যান |
| | ১২৪.কুলাউড়া | ১৫১.কাদিরপুর | ১৫৭.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১২৫.জুড়ি | ১৫২.গোয়ালবাড়ী | ১৫৮.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৮.ব্রাহ্মণবাড়িয়া | ১২৬.নাছিরনগর | ১৫৩.ধরমন্ডল | ১৫৯.১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১২৭.বাঞ্ছারামপুর | ১৫৪.ছয়ফুল্লাকান্দি | ১৬০.চেয়ারম্যান |
| | ১২৮.সরাইল | ১৫৫.পাকশিমুল | ১৬১.১নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ১২৯.বিজয়নগর | ১৫৬.ইছাপুরা উত্তর | ১৬২.০৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৩০.নবীনগর | ১৫৭.বীরগাঁও | ১৬৩.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৪৯.কুমিল্লা | ১৩১.চৌদ্দগ্রাম | ১৫৮.জগন্নাথদিঘী | ১৬৪.০১ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৩২.মনোহরগঞ্জ | ১৫৯.নাথেরপেটুয়া | ১৬৫.চেয়ারম্যান |
| | ১৩৩.চান্দিনা | ১৬০.সুহিলপুর | ১৬৬.০৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৩৪.মুরাদনগর | ১৬১.নবীপুর (পশ্চিম) | ১৬৭.০৫ নং ওয়ার্ড সাধারণ সদস্য |
| | ১৩৫.তিতাস | ১৬২.সাতানী | ১৬৮.৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ১৩৬.ব্রাহ্মণপাড়া | ১৬৩.সাহেবাবাদ | ১৬৯.০২ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৩৭.নাঙ্গালকোট | ১৬৪.মৌকরা | ১৭০.০৫ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১৬৫.ঢালুয়া | ১৭১.চেয়ারম্যান |
| | ১৩৮.লাকসাম | ১৬৬.মদাফ্ফরগঞ্জ উত্তর | ১৭২.০৯ নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫০. ফেনী | ১৩৯.ফুলগাজী | ১৬৭.আনন্দপুর | ১৭৩.চেয়ারম্যান |
| ৫১.চাঁদপুর | ১৪০.হাজীগঞ্জ | ১৬৮.হাটিলা পশ্চিম | ১৭৪.১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫২. নোয়াখালী | ১৪১.বেগমগঞ্জ | ১৬৯.একলাশপুর | ১৭৫.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১৭০.আলাইয়ারপুর | ১৭৬.১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৪২.সেনবাগ | ১৭১.কাবিলপুর | ১৭৭.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৩. লক্ষ্মীপুর | ১৪৩.কমলনগর | ১৭২.চর কাদিরা | ১৭৮.চেয়ারম্যান |
| | | ১৭৩.চর লরেঞ্চ | ১৭৯.চেয়ারম্যান |

| জেলা | উপজেলা | ইউনিয়ন | পদ |
|---|---|---|---|
| | ১৪৪.লক্ষ্মীপুর সদর | ১৭৪.কুশাখালী | ১৮০.৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৪. চট্টগ্রাম | ১৪৫.ফটিকছড়ি | ১৭৫.ভুজপুর | ১৮১.৪নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১৭৬.সুন্দরপুর | ১৮২.১নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৪৬.হাটহাজারী | ১৭৭.গুমানমর্দ্দন | ১৮৩.৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ১৪৭.আনোয়ারা | ১৭৮.বটতলী | ১৮৪. চেয়ারম্যান |
| | ১৪৮.সন্দ্বীপ | ১৭৯.মগধরা | ১৮৫. চেয়ারম্যান |
| | ১৪৯.মীরসরাই | ১৮০.করেরহাট | ১৮৬. চেয়ারম্যান |
| | | ১৮১.খৈয়াছড়া | ১৮৭.৫নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৫০.রাঙ্গুনীয়া | ১৮২.লালনগর | ১৮৮.চেয়ারম্যান |
| | | ১৮৩.স্বনির্ভর রাঙ্গুনীয়া | ১৮৯.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৫১.সাতকানিয়া | ১৮৪.খাগরিয়া | ১৯০.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৫২.রাউজান | ১৮৫.কদলপুর | ১৯১.৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | | ১৮৬.পূর্ব গুজরা | ১৯২. ৩নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৫৩.পটিয়া | ১৮৭.হাবিলাসদ্বীপ | ১৯৩.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| | ১৫৪.সীতাকুন্ড | ১৮৮.কুমিরা | ১৯৪.৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৫৫. কক্সবাজার | ১৫৫.রামু | ১৮৯.ফাতেখাঁরকুল | ১৯৫.চেয়ারম্যান |
| | ১৫৬.উখিয়া | ১৯০.রাজপালং | ১৯৬.চেয়ারম্যান |
| | ১৫৭.টেকনাফ | ১৯১.হ্নীলা | ১৯৭.৩নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| ৫৬. রাংগামাটি | ১৫৮.রাজস্থলী | ১৯২.গাইন্দ্যা | ১৯৮.২নং সংরক্ষিত ওয়ার্ড সদস্য |
| | ১৫৯.বাঘাইছড়ি | ১৯৩.বাঘাইছড়ি | ১৯৯. চেয়ারম্যান |
| | ১৬০.বিলাইছড়ি | ১৯৪.ফারুয়া | ২০০.৭নং সাধারণ ওয়ার্ড সদস্য |
| ৫৭. বান্দরবান | ১৬১.রুমা | ১৯৫.রুমা সদর | ২০১. চেয়ারম্যান |

29.5.2024

মোহাম্মদ শাহজালাল
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২
নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

## ২৭ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদের উপনির্বাচনের সময়সূচি

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৪ জুলাই ২০২৪<br>২০ আষাঢ় ১৪৩১ | বৃহস্পতিবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৫ জুলাই ২০২৪<br>২১ আষাঢ় ১৪৩১ | শুক্রবার |
| (গ) | মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ০৬-০৮ জুলাই ২০২৪<br>২২-২৪ আষাঢ় ১৪৩১ | শনিবার-সোমবার |
| (ঘ) | আপিল নিষ্পত্তি | : | ০৯ জুলাই ২০২৪<br>২৫ আষাঢ় ১৪৩১ | মঙ্গলবার |
| (ঙ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১০ জুলাই ২০২৪<br>২৬ আষাঢ় ১৪৩১ | বুধবার |
| (চ) | প্রতীক বরাদ্দ | : | ১১ জুলাই ২০২৪<br>২৭ আষাঢ় ১৪৩১ | বৃহস্পতিবার |
| **(ছ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **২৭ জুলাই ২০২৪**<br>**১২ শ্রাবণ ১৪৩১** | **শনিবার** |
| **ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ইভিএম এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে** | | | | |

তফসিল-৩

[বিধি ১৯(১)(খ) দ্রষ্টব্য]

**ইউনিয়ন পরিষদ নির্বাচন**

চেয়ারম্যান পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। অটোরিক্সা, ২। আনারস, ৩। ঘোড়া, ৪। টেবিল ফ্যান, ৫। ঢোল, ৬। টেলিফোন, ৭। চশমা, ৮। দুটি পাতা, ৯। মোটর সাইকেল, ১০। রজনীগন্ধা

তফসিল-৪

[বিধি ১৯(১)(গ) দ্রষ্টব্য]

**ইউনিয়ন পরিষদ নির্বাচন**

সংরক্ষিত আসনের সদস্য পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। কলম, ২। ক্যামেরা, ৩। তালগাছ, ৪। জিরাফ, ৫। বই, ৬। বক, ৭। সাঁকো, ৮। মাইক, ৯। হেলিকপ্টার, ১০ । সূর্যমুখী ফুল

তফসিল-৫

[বিধি ১৯(১)(ঘ) দ্রষ্টব্য]

**ইউনিয়ন পরিষদ নির্বাচন**

সাধারণ আসনের সদস্য পদের প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

১। কদম ফুল, ২। ক্রিকেট ব্যাট, ৩। ঘুড়ি, ৪। টিউবওয়েল, ৫। পানির পাম্প, ৬। ফুটবল, ৭। টর্চ লাইট, ৮। ভ্যান গাড়ি, ৯ । বৈদ্যুতিক পাখা, ১০। মোরগ, ১১। লাটিম, ১২। তালা

- নমুনা পোষ্টার নির্বাচন কমিশন সচিবালয়ে ক্রয় ও মুদ্রন শাখা হতে সংগ্রহ করিবেন ।